



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল, বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।


ক্রয় ও সংরক্ষণ বিভাগ, ঢাকা।



মুজিব বর্ষের অঙ্গিকার
নদী রাখবো পরিষ্কার

সাধারণ সরবরাহকারী ও ছাপাখানা প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন এবং নতুন প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

- ১। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের অধীনে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য সাধারণ সরবরাহকারী ও ছাপাখানা প্রতিষ্ঠান সমূহের তালিকাভুক্তি নবায়ন এবং নতুন প্রতিষ্ঠান তালিকাভুক্তির লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত প্রতিটি গ্রুপের জন্য পৃথক পৃথক আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ
 - (ক) গ্রুপ “ক” সাধারণ সরবরাহকারী : আসবাবপত্র (কাঠ/ষ্টীল), স্টেশনারী মালামাল, অফিস সরঞ্জাম ও ব্যবহারিক মালামাল যথা- পোষাক পরিচ্ছদ, টেইলারিং, ছাতা, জুতা, মোজা, তৈজসপত্র ইত্যাদি।
 - (খ) গ্রুপ “খ” ছাপাখানা প্রতিষ্ঠান : বিভিন্ন প্রকার ফরম, প্যাড, পুস্তিকা, ফাইল কভার, অফিসিয়াল খাম, রেজিষ্টার ইত্যাদি।
- ২। আত্রহী প্রতিষ্ঠান কর্তৃক আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরৎযোগ্য) বাঅনৌপ-কর্তৃপক্ষের হিসাব বিভাগ (৯ম তলা), ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকায় জমা প্রদান পূর্বক জমা রশিদসহ ২৯/০৬/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ফরম সংগ্রহ করা যাবে।
- ৩। আবেদনপত্রের সাথে নতুন তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০/- টাকা এবং উক্ত টাকার উপর ১৫% ভ্যাট বাবদ ৭৫০/- টাকা ও নবায়ন ফি বাবদ ২,০০০/- টাকা এবং উক্ত টাকার উপর ১৫% ভ্যাট বাবদ ৩০০/- টাকা যে কোন তফসিল ব্যাংকের পৃথক ২ টি পে-অর্ডারের মাধ্যমে বিআইডব্লিউটিএ’র অনুকূলে জমা দিতে হবে। পে-অর্ডারে শুধুমাত্র “বাঅনৌপ-কর্তৃপক্ষ” অথবা “বিআইডব্লিউটিএ” লিখতে হবে। উল্লেখ্য যে, যাচাই-বাছাইয়ের মাধ্যমে যে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তির আবেদন কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হবে না সে সকল প্রতিষ্ঠানের পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।
- ৪। সীল মোহরকৃত আবেদনপত্র পরিচালক (ক্রয় ও সংরক্ষণ), বাঅনৌপক, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ (৫ম তলা), ঢাকায় ৩০/০৬/২০২২ তারিখ ১৪.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে।
- ৫। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৬। ১৫/০৬/২০২২ তারিখ হতে আবেদন ফরম সরবরাহ করা শুরু হবে।
- ৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল কিংবা সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


০২/০৬/২০২২
মোঃ মনজুর কাদির
পরিচালক (ক্রয় ও সংরক্ষণ)